

আমেরিকাতেও আসন সংকট তীব্র সেরা কলেজে ভর্তির সুযোগ পেল না অসংখ্য সেরা ছাত্র

নিউইয়র্ক থেকে এনা

সাম্প্রতিক সময়ের মধ্যে এবারই বৈশী সংকট দেখা দিয়েছে আমেরিকার সেরা ইউনিভার্সিটি এবং কলেজে ভর্তির ক্ষেত্রে। যারতীয় যোগ্যতা থাকা সত্ত্বেও ৯০%-এর অধিক ছেলে-মেয়েই সুযোগ পাননি কারিগরিত ভার্টি/কলেজে ভর্তির। উনংপ্রণ থিসেবে বংনের হার্ডার্ড কলেজের নাম উল্লেখ করা যায়। ২৭৪৬২ জন পৃ ৪১ ১৪ক ৪৪

সেরা কলেজে ভর্তির

১২-এর পৃষ্ঠার পর

মেধাধী ছাত্র-ছাত্রী আবেদন করেছিলেন ভর্তির জন্য। যেটি আবেদনের মাত্র ৭.১% সুযোগ পেয়েছেন অর্থাৎ প্রতি ১০০ জনের মধ্যে ৯৩ জনের আবেদনই নাকচ করা হয়েছে। এদের অনেককেই সর্বোচ্চ যোগ্যতা ছিল। এমনকি এসএটি-তেও জাঙ্গো রেজাল্ট প্রদর্শনে সক্ষম হন তারা। একই ঘটনা ঘটেছে ইয়েল কলেজেও। ২২৮১৩ জন আবেদন করেছিলেন। সুযোগ পেয়েছেন মাত্র ৮.৩%। সংশ্লিষ্ট কলেজ সূত্রে এ তথ্য প্রকাশ করা হয়েছে। কলম্বিয়া কলেজ ৮.৭%, ব্রাউন ইউনিভার্সিটি ১৩%, ডার্টমুথ কলেজ ১৩%, বোভাইন কলেজ ১৮%, জর্জটাউন ইউনিভার্সিটি ১৮%কে ভর্তির সুযোগ দিয়েছে।

হার্ডার্ড কলেজের ভর্তি এবং ফাইন্যান্সিয়াল এইড সংক্রান্ত ডীন উইলিয়াম আর ফিটজসাইমন বলেছেন, আমরা যাদের ভর্তির সুযোগ দিয়েছি তারা খুবই ভালো। কিন্তু যাদের দিতে পারিনি তারাও যোগ্যতাসম্পন্ন ছিলেন। তাদের মধ্যে থেকে আমরা কিছু ছেলে-মেয়েকে ভর্তি করতে পারলে আমরা আরো খুশী হতাম। অপরদিকে বেশ কয়েকটি সেরা কলেজ/ভার্সিটি এবার সবচেয়ে বেশী ছেলে-মেয়েকে ওয়েটিং লিস্টে রেখেছে। কেননা অনেক ছাত্র-ছাত্রীই একাধিক প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেয়েছেন। তারা কোনটিতে যাবেন আর কোনটিতে যাবেন না তা জানার পরই ওয়েটিং লিস্টের ব্যাপারটি পরিষ্কার হবে। আমেরিকার ৮টি আইডি কীং কলেজ থেকে ভর্তির যোগ্যতাসম্পন্নদের কান্ধে চিঠি পাঠানো হয়েছে এপ্রিলের প্রথম সপ্তাহে। এর ফলে অসংখ্য ছাত্র-ছাত্রী হতাশ হয়েছেন।

১০ বছর আগে ইয়েল ইউনিভার্সিটিতে ভর্তির আবেদন জনা হয় ১২ হাজার। এবার হয়েছিল ২২৮১৩টি। ১৯৯৮ সালে ভর্তির সুযোগ পেয়েছিলেন এদের বিংশ অর্থাৎ ১৮%। হার্ডার্ডে ভর্তির জন্য আবেদন করেছিলেন ২৭৪৬২ জন। এর মধ্যে ২৫ জনই এসএটি-তে ৮০০ নম্বর পায় খুবই জটিল প্রিডিং-এ এবং ৩৩০০ জনের ৮০০ নম্বর ছিল এসএটি-অংকে। হাই স্কুলের প্রতিটি ক্লাসে প্রথম স্থান লাভকারী ৩৩০০ জনও ছিলেন আবেদনকারীদের মধ্যে। এদিকে বিশ্ববিখ্যাত নিউজউইকের গবেষণা প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, আইডি কীং কলেজ

প্রতিষ্ঠানের বাইরেও সারা আমেরিকায় আরো ২৫টি ন্যূনতম/ভার্সিটি রয়েছে যেখানেও আসন সংকট তীব্র আকার ধারণ করেছে। বিভিন্ন বিষয়ে শ্রেষ্ঠত্ব প্রদর্শনকারী এসব শিক্ষা প্রতিষ্ঠানের নাম এখানে ক্রমানুসারে দেয়া হল। ১. ম্যাসেচুসেটস স্টেটের চেসন্যাট হীলে অবস্থিত বইন কলেজ, ২. মেইন স্টেটের ব্রাদউইকে অবস্থিত বোভাইন কলেজ, ৩. পেনসিলভেনিয়া স্টেটের পিটসবার্গে অবস্থিত কার্নেলী মেসন, ৪. ক্যালিফোর্নিয়া স্টেটের ট্রায়ারনটে অবস্থিত ট্রায়ারনটি কলেজ, ৫. মেইন স্টেটের ওয়াটারভিলেতে অবস্থিত কলবী কলেজ, ৬. নিউইয়র্ক স্টেটের

ফার্মস্টনে অবস্থিত কলগেট ইউনিভার্সিটি, ৭. নর্থ কারোলিনা স্টেটের ডেভিডসনে অবস্থিত ডেভিডসন কলেজ, ৮. জর্জিয়া স্টেটের আটলান্টায় অবস্থিত এন্ড্রু ইউনিভার্সিটি, ৯. ওহাইয়ো স্টেটের গ্যামবিয়ারে অবস্থিত কেনিয়ন কলেজ, ১০. মিনেসোটা স্টেটের স্যাক্ট পোলে অবস্থিত ম্যাকলেটার কলেজ, ১১. নিগামন স্টেটের এ্যানআরবরে অবস্থিত ইউনিভার্সিটি অব নিগামন, ১২. নিউইয়র্ক স্টেটের ম্যানহাটানে অবস্থিত নিউইয়র্ক ইউনিভার্সিটি, ১৩. নর্থ কারোলিনা স্টেটের চ্যাপেল হীলে অবস্থিত ইউনিভার্সিটি অব নর্থ কারোলিনা, ১৪. ইন্ডিয়ানা স্টেটের সাউথবেজে অবস্থিত ইউনিভার্সিটি অব নটরডেম, ১৫. ম্যাসেচুসেটস স্টেটের শীথানে অবস্থিত ওলিন কলেজ অব ইঞ্জিনিয়ারিং, ১৬. ওরেগন স্টেটের পোর্টল্যান্ডে অবস্থিত হীড কলেজ, ১৭. নিউইয়র্ক স্টেটের ট্রয়ে অবস্থিত রেনেসেন্সার পলিটেকনিক ইন্সটিটিউট, ১৮. টেক্সাস স্টেটের হিউস্টনে অবস্থিত রাইন ইউনিভার্সিটি, ১৯. নিউইয়র্ক স্টেটের রচেস্টারে অবস্থিত ইউনিভার্সিটি অব রচেস্টার, ২০. নিউইয়র্ক স্টেটের সারাটোগা শ্রীং-এ অবস্থিত হীডনোর কলেজ, ২১. ম্যাসেচুসেটস স্টেটের মেডফোর্ডে অবস্থিত টাফট ইউনিভার্সিটি, ২২. ক্যালিফোর্নিয়া স্টেটের লসএঞ্জেলসে অবস্থিত ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া, ২৩. টেনেসী স্টেটের ন্যাশভিলেতে অবস্থিত জ্যাকারবিস্ট ইউনিভার্সিটি, ২৪. ভার্জিনিয়া স্টেটের চার্লটসভীলেতে অবস্থিত ইউনিভার্সিটি অব ভার্জিনিয়া এবং ২৫. মিনেসোটা স্টেটের সেন্ট লুইসে অবস্থিত ওয়াশিংটন ইউনিভার্সিটি।